



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-০-৫(২২)জাতীঃবিঃ/পনি/২০২৩/৯২২

তারিখ : ১১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

উত্তরপত্র মূল্যায়ন ও অন্যান্য কাজে অংশগ্রহণ প্রসঙ্গে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণ যাদের TMIS ID রয়েছে তাঁদের জানানো যাচ্ছে যে, উত্তরপত্র মূল্যায়ন বা পরীক্ষা সংক্রান্ত কাজে আগ্রহী না হলে অনুগ্রহপূর্বক tmis@nu.ac.bd ই-মেইলে অবহিত করবেন। সম্প্রতি উত্তরপত্র গ্রহণের জন্য SMS প্রদান করা হলেও অনেক শিক্ষক উত্তরপত্র গ্রহণ করেন না। এর ফলে উত্তরপত্র বিতরণ ধীরগতি হয় এবং ফলাফল প্রকাশে বিঘ্ন ঘটে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষকগণ TMIS ID তে নাম অন্তর্ভুক্ত করবেন। এর মধ্যে যারা পরীক্ষা সংক্রান্ত কাজে আগ্রহী নন তাঁরা উল্লেখিত ই-মেইলে (tmis@nu.ac.bd) আমাদের অবহিত করলে তাঁদের TMIS ID টি সাময়িকভাবে Inactive করে রাখা হবে এবং ভবিষ্যতে সংশ্লিষ্ট শিক্ষক চাইলে এটি পুনরায় Active করা হবে। এ বিষয়ে কোনো শিক্ষকের ব্যক্তিগতভাবে যোগাযোগের প্রয়োজন হবে না। এছাড়া কোনো শিক্ষকের ঠিকানা বা পদবী সহ অন্য কোন তথ্য সংশোধনের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে কলেজ E-mail থেকে উল্লিখিত ই-মেইলে (tmis@nu.ac.bd) জানানো হলে সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা হবে। সম্প্রতি পরীক্ষাগুলোতে যে সকল শিক্ষকগণ উত্তরপত্র গ্রহণের জন্য SMS পাওয়া সত্ত্বেও উত্তরপত্র গ্রহণ করেন নাই তাঁদের নিকট হতে কোন ই-মেইল পাওয়া না গেলে আগামী ১০ (দশ) দিনের মধ্যে TMIS ID সাময়িকভাবে Inactive করা হবে। যারা SMS পেয়ে উত্তরপত্র গ্রহণ করেছেন বা উত্তরপত্র গ্রহণের জন্য SMS পান নাই উভয়ের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। সকল শিক্ষক তাঁদের যোগ্যতা এবং অভিজ্ঞতার আলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত কাজে সম্পৃক্ত হবেন। এ বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে। আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করি।

ধন্যবাদান্তে,

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোনঃ- ০২-৯৯৬৬৯১৫১৭

Email: controller@nu.ac.bd